

Rani Rashmoni Green University
Tarakeswar, Hooghly
M.A. 1st Semester Examination- 2025 (CBCS)

বিষয়: বাংলা
প্রাগাধুনিক কাব্য-কবিতা
Paper Code : BNGCC-102

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও-

২ x ৪ = ৮

- ক) 'কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান'— পদটি কার রচনা? এটি কোন্ পর্যায়ের পদ?
- খ) বিদ্যাপতির 'অঙ্কুর তপন-তাপে যদি জারব'— পদটিতে 'অঙ্কুর' ও 'তপন' বলতে কী বোঝানো হয়েছে?
- গ) বিপ্রদাস পিপলাইয়ের লেখা মনসামঙ্গল কাব্যের নাম কী? কবির নিবাস কোথায় ছিল বলে জানা যায়?
- ঘ) 'তাহার শৃঙ্গারে কৈল কৃষ্ণ আকর্ষণ'- 'শৃঙ্গার' শব্দের অর্থ কী?
- ঙ) কৃত্তিবাসী রামায়ণের 'লঙ্কাকাণ্ড' অনুসরণে অঙ্গদের রায়বার-এর গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।
- চ) 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত'-র আদিলীলায় চতুর্থ পরিচ্ছেদের সূচনায় কোন শ্লোকটি আছে?

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও-

৪ x ৪ = ১৬

- ক) 'তাহার চরিতে/ হেন বুঝি চিতে/ হাত বাড়াইল চাঁদে'— অংশটির সংক্ষিপ্ত ব্যাখ্যা লেখো।
- খ) 'চম্পক শোন কুসুম কনকাচল'— পদটিতে গৌরঙ্গের রূপের যে বর্ণনা গোবিন্দদাস দিয়েছেন, তা সংক্ষেপে লেখো।
- গ) 'সিদ্ধু ইন্দু বেদ মহী শক পরিমাণ/ নৃপতি হুসেন শাহা গৌড়ের প্রধান'— রচনাকাল জ্ঞাপক এই শ্লোকটির ব্যাখ্যা দাও।
- ঘ) কৃত্তিবাসীর রামায়ণের আদিকাণ্ডে সীতার বিবাহ অংশে বাঙালিয়ানার যে ছবি ফুটে উঠেছে, সে সম্পর্কে আলোচনা করো।
- ঙ) 'প্রেমে প্রভু স্বহস্তে তার মুখ আচ্ছাদিল'— প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা দাও।
- চ) চৈতন্যচরিতামৃত-এর মধ্যলীলার অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে সাধ্য-সাধন তত্ত্বে রায় রামানন্দের উত্তরগুলির ক্রমবিকাশ সংক্ষেপে হকের মাধ্যমে দেখাও।

৩। যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও-

৮ x ২ = ১৬

- ক) গোবিন্দদাসকে কেন 'দ্বিতীয় বিদ্যাপতি' বলা হয়? পাঠ্য পদগুলি অবলম্বনে তাঁর কবিপ্রতিভার বিচার করো।
- খ) বাংলা মনসামঙ্গল কাব্যের ধারায় বিপ্রদাস পিপলাইয়ের স্বাতন্ত্র্য বা বৈশিষ্ট্য আলোচনা করো।
- গ) কৃত্তিবাসী রামায়ণে ভক্তিবাদ কীভাবে প্রকাশ পেয়েছে তা তোমার পাঠ্য অংশ অবলম্বনে আলোচনা করো।
- ঘ) 'দুই হেতু অবতরি লঞা ভক্তগণ।' — 'চৈতন্যচরিতামৃত' অনুসরণে চৈতন্য-অবতারের অন্তরঙ্গ ও বহিরঙ্গ কারণগুলি ব্যাখ্যা করো।